দৈনিক ইনকিলাব

তারিখ 13 SEP 1990
পৃষ্ঠা ৪ কলাম ৮

28

## ঢাকা কলেজের একজন ছাত্রের ফরিয়াদ

ঢাকা কলেজ একটি ঐতিহ্যবাহী ও দেশের শ্রেষ্ঠ কলেজ। দেশের প্রত্যন্ত অঞ্চল থেকে মেধাবী ছাত্ররা এখানে লেখাপড়া করতে আসে। অতি দুঃখের ব্যাপার হলেও সত্য যে, এই কলেজের সেই সকল ছাত্রদের বিশেষ করে গরীব ও সাধারণ ছাত্রদের লেখাপড়া আজ হুমকির সম্মুখীন। দেশের প্রত্যেকটি কলেজের একাদশ শ্রেণীর মানোন্নয়ন পরীক্ষা হয়ে গেছে অথচ একটি বিশেষ মহলের হুমকির মুখে আমরা সেই পরীক্ষা দিতে পারি নি। সেই বিশেষ মহলটির অসৎ তৎপরতার মুখে পুলিশ নীরব ভূমিকা পালন করে, এমনকি কলেজ কর্তৃপক্ষও ভীত। এই কলেজের গরীব ও সাধারণ ছাত্রদের স্বার্থে কলেজ প্রশাসন ও নিরাপত্তা ব্যবস্থা জোরদার করতে উর্ধ্বতন কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি।

মোঃ আবু কাউসার জমাদার,
গ্রামঃ দুরুইল, বিটঘর,
নবীনগর, ব্রাহ্মণবাড়িয়া।